

ব্যক্তি-করদাতার সারচার্জ

ব্যক্তি-করদাতা (assessee being individual) এর ক্ষেত্রে, Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 80 অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী (statement of assets, liabilities and expenses) তে প্রদর্শনযোগ্য নীট পরিসম্পদের ভিত্তিতে, আয়কর প্রযোজ্য এইরূপ আয়ের উপর প্রযোজ্য আয়করের উপর নিম্নরূপ হারে সারচার্জ প্রদেয় হবে, যথা:-

সম্পদ	সারচার্জে র হার	ন্যূনতম সারচার্জ
(ক) নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকা পর্যন্ত-	শূন্য	শূন্য
(খ) নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকার অধিক কিন্তু পাঁচ কোটি টাকার অধিক নহে; বা, নিজ নামে একের অধিক মোটর গাড়ি বা, কোনো সিটি কর্পোরেশন এলাকায় মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি	১০%	৩,০০০/-
(গ) নীট পরিসম্পদের মূল্যমান পাঁচ কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নহে-	১৫%	
(ঘ) নীট পরিসম্পদের মূল্যমান দশ কোটি টাকার অধিক কিন্তু পনের কোটি টাকার অধিক নহে-	২০%	৫,০০০/-
(ঙ) নীট পরিসম্পদের মূল্যমান পনের কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নহে-	২৫%	
(চ) নীট পরিসম্পদের মূল্যমান বিশ কোটি টাকার অধিক যে কোন অংকের উপর-	৩০%	

তবে শর্ত থাকে যে, যেইসব করদাতার নীট পরিসম্পদ ৫০ কোটি টাকা বা উহার উর্ধ্বে, সেইসব করদাতার সারচার্জ এর পরিমাণ হইবে উক্ত করদাতার নীট পরিসম্পদের ০.১% অথবা আয়কর প্রযোজ্য এইরূপ আয়ের উপর প্রযোজ্য আয়করের উপর ৩০% হারে প্রদেয় সারচার্জ, এই দুইটির মধ্যে যেটি বেশি।

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ প্রদেয় হবে।